

## অর্থ ছাড়ের আগেই বেসরকারী শিক্ষকরা কল্যাণ ট্রাস্টের চেক পাবে

স্টাফ রিপোর্টার ॥ অর্থ ছাড় না করেই কল্যাণ ট্রাস্ট থেকে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের চেক প্রদানের সিদ্ধান্ত হয়েছে। চেক প্রদানের পর কল্যাণ ট্রাস্টের সভায় অর্থ ছাড় ও চেক প্রদানের বিষয়টি অনুমোদন করা হবে। অর্থ ছাড়ের আনুমানিক জটিলতায় পড়ে চেক পেতে বেসরকারী শিক্ষক-কর্মচারীর হয়রানি বন্ধ এবং তাঁদের মাসের পর মাস অপেক্ষা করার বিভবনা রোধে এই উদ্যোগ নেয়া হয়েছে। নবগঠিত কল্যাণ ট্রাস্টের সদস্যসচিব মোঃ সেলিম ভূঁইয়া বলেছেন, যথাযথ আবেদন করার তিনমাসের মধ্যে শিক্ষক-কর্মচারীর কাছে চেক পাঠিয়ে

দেয়া হবে। জানা যায়, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টের নবম সভায় সম্প্রতি চেক পেতে শিক্ষক ও কর্মচারীদের যাতে কোন রকম হয়রানির শিকার হতে না হয় সেজন্য বেশ কয়েকটি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সভা থেকে কোন আবেদনকারী দুই বা ততোধিক চেক পেয়ে থাকলে তা ফেরত দেবার অনুরোধ জানানো হয়েছে। এরপরও কোন শিক্ষক বা কর্মচারী চেক ফেরত না দিলে তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। সভায় কল্যাণ ট্রাস্টের জন্য গাড়ি কেনার সিদ্ধান্ত হয়েছে। শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে সভায় শিক্ষা অধিদফতরের ডিজি প্রফেসর মোহাম্মদ জুনাইদ, কল্যাণ ট্রাস্টের সাবেক সদস্য সচিব প্রফেসর এম. শরীফুল ইসলাম, নবনিযুক্ত সদস্য সচিব মোঃ সেলিম ভূঁইয়া, অধ্যক্ষ মাজহারুল হান্নান, মোঃ রফিকুল ইসলাম, প্রফেসর মোজাম্মেল হক প্রমুখ উপস্থিত ছিলেন।